

অনলাইন ভূমি উন্নয়ন কর

ব্যবস্থাপনা সিস্টেম

সাধারণ জিজ্ঞাসাবলী



ভূমি মন্ত্রণালয়

অফিস প্যানেল

১	প্রশ্নঃ	নিবন্ধনের সময় ভুল নাম্বারে ওটিপি চলে গেলে করণীয় কি?
	উত্তরঃ	হটলাইন নাম্বারে (১৬১২২) যোগাযোগ করতে হবে।
২	প্রশ্নঃ	নাগরিক নিবন্ধনটি সম্পন্ন হয়নি কিন্তু মোবাইল নাম্বারটি ইতিমধ্যে সিস্টেমে বিদ্যমান দেখালে করণীয় কি?
	উত্তরঃ	নিবন্ধন সম্পন্ন না হলে ওটিপি (OTP) যাচাই করুন" অপশনে ক্লিক করে ওটিপি যাচাই করে নিতে হবে।
৩	প্রশ্নঃ	এন.আই.ডি নাম্বার ব্যাতিত অনলাইন নিবন্ধনের উপায় কি?
	উত্তরঃ	অতি শীঘ্রই পাসপোর্ট ও জন্মনিবন্ধন নাম্বার দিয়ে অনলাইন নিবন্ধন করার ব্যবস্থা চালু করা হবে
৪	প্রশ্নঃ	পাসওয়ার্ড ভুলে গেলে করণীয় কি?
	উত্তরঃ	আপনি কি পাসওয়ার্ড ভুলে গেছেন" অপশনে ক্লিক করে নিবন্ধিত মোবাইল নাম্বারে ওটিপি যাচাইয়ের মাধ্যমে নতুন পাসওয়ার্ড সেট করে নিতে হবে।
৫	প্রশ্নঃ	একাধিক খতিয়ানের জন্য কি একাধিকবার নিবন্ধন করতে হবে?
	উত্তরঃ	না, একটি নিবন্ধিত প্রোফাইলে একাধিক খতিয়ান যুক্ত করতে পারবেন।
৬	প্রশ্নঃ	ওয়ারিশ হিসেবে ভূমি উন্নয়ন কর আদায় করতে ওয়ারিশ সনদ কি বাদ্ধতমূলক?
	উত্তরঃ	হ্যাঁ, ভূমি মালিকের বৈধ ওয়ারিশ সনাক্ত করতে ওয়ারিশ সনদ বাধ্যতামূলক করা হয়েছে।
৭	প্রশ্নঃ	অগ্রীম ভূমি উন্নয়ন কর প্রদানের পর ভূমির ব্যবহার ভিত্তিক ধরনের পরিবর্তন হলে করণীয় কি?
	উত্তরঃ	পরিশোধিত অগ্রীম ভূমি উন্নয়ন কর এর মধ্যে ভূমির ধরনের পরিবর্তন হলে দাবি বর্ধিত হলে সরকারী নির্দেশনা অনুযায়ী বর্ধিত হারে ভূমি উন্নয়ন কর বকেয়া দেখানো হবে।
৮	প্রশ্নঃ	অগ্রীম ভূমি উন্নয়ন কর পরিশোধিত থাকা অবস্থায় হোল্ডিং স্থানান্তর করা যাবে কি?
	উত্তরঃ	অগ্রীম ভূমি উন্নয়ন কর পরিশোধিত থাকা অবস্থায় হোল্ডিং স্থানান্তর হলে নতুন হোল্ডিংধারী হোল্ডিং গ্রহণের তারিখ হইতে নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করবেন।
৯	প্রশ্নঃ	অগ্রীম ভূমি উন্নয়ন কর কর প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ কত বছরের কর প্রদান করা যাবে?
	উত্তরঃ	সর্বোচ্চ তিন বছরের অগ্রীম কর প্রদান করা যাবে।

১০	প্রশ্নঃ	এ-চালানের মাধ্যমে কারা ভূমি উন্নয়ন কর দিতে পারবেন?
	উত্তরঃ	এ-চালানের মাধ্যমে বর্তমানে শুধু সংস্থা এবং পরবর্তীতে নাগরিক ও ভূমি উন্নয়ন কর দিতে পারবেন।
১১	প্রশ্নঃ	এ-চালানের টোকেন কিভাবে তৈরী করবো?
	উত্তরঃ	নিবন্ধিত সংস্থার প্রোফাইলের হোল্ডিং এর বিস্তারিত থেকে পেমেন্ট অপশনে ক্লিক করে প্রতিনিধির এন আইডি যাচাই সাপেক্ষে টাকার পরিমাণ উল্লেখ করে সাবমিট করলে টোকেন জেনারেট হবে।
১২	প্রশ্নঃ	এ-চালানের মাধ্যমে ভূমি উন্নয়ন কর কিভাবে দিবেন?
	উত্তরঃ	এ-চালানের জন্য তৈরীকৃত টোকেন নম্বরটি দিয়ে যেকোন ব্যাংক থেকে চেক বা ক্যাশ পেমেন্ট করতে পারবেন। ব্যাংক থেকে চালানের কপি প্রদান করা হবে। পরবর্তীতে সংস্থার প্রতিনিধি তার প্যানেল থেকে চালান যাচাই এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করে দাখিলা গ্রহণ করবেন।
১৩	প্রশ্নঃ	এ-চালানের টোকেন কয়বার ব্যবহারযোগ্য?
	উত্তরঃ	এ-চালানের টোকেন একবারই ব্যবহারযোগ্য।
১৪	প্রশ্নঃ	এ-চালানের দাখিলা কিভাবে পাবেন?
	উত্তরঃ	পেমেন্ট সম্পন্ন হওয়ার পর চালান যাচাই করলে সাথে সাথেই দাখিলাটি পাওয়া যাবে।
১৫	প্রশ্নঃ	এ-চালানের মাধ্যমে কোন কোন ব্যাংক থেকে ভূমি উন্নয়ন কর দেয়া যাবে?
	উত্তরঃ	বাংলাদেশের যেকোন ব্যাংক থেকে এ-চালানের মাধ্যমে পেমেন্ট করা সম্ভব।
১৬	প্রশ্নঃ	একটি খতিয়ানে একাধিক মালিক কিন্তু নিবন্ধন করেছেন একজন, এতে করণীয় কি?
	উত্তরঃ	যিনি নিবন্ধন করেছেন তার জন্য হোল্ডিংটি এন্ট্রি হবে এবং বাকি মালিকদের তথ্য রেজিস্টার ২ খাতা থেকে দেখে ম্যানুয়ালি এন্ট্রি করতে হবে। পরবর্তীতে বাকি মালিকরা নিবন্ধন করে নিলে তা সমন্বয় করে নিতে হবে।
১৭	প্রশ্নঃ	হোল্ডিং এন্ট্রি করার পরেও কি নাগরিক নিবন্ধনের মোবাইল নাম্বার পরিবর্তন সম্ভব?
	উত্তরঃ	ভূমিসেবা হটলাইনে কল করে উক্ত সমস্যার সমাধান করতে হবে।
১৮	প্রশ্নঃ	টোকেন কি?
	উত্তরঃ	ভূমি উন্নয়ন কর প্রদানের একটি ইউনিক নাম্বার, যা দিয়ে মোবাইল ব্যাংকিং (বিকাশ, নগদ, রকেট ও উপায়) এর পে বিলের মাধ্যমে ভূমি উন্নয়ন কর দেওয়া যাবে।
১৯	প্রশ্নঃ	একই টোকেন নাম্বার কতবার ব্যবহারযোগ্য?
	উত্তরঃ	একটি টোকেন শুধুমাত্র একবারই ব্যবহারযোগ্য।

২০	প্রশ্নঃ	টোকেন জেনারেট করার কত দিনের মধ্যে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে?
	উত্তরঃ	টোকেন জেনারেট করার ৭২ ঘন্টা বা তিন দিনের মধ্যে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
২১	প্রশ্নঃ	টোকেন কিভাবে জেনারেট করা হয়?
	উত্তরঃ	হোল্ডিং এর বিস্তারিত অপশনে গিয়ে টোকেন জেনারেট অপশনে ক্লিক করে টোকেন জেনারেট করে নিতে হবে।
২২	প্রশ্নঃ	টোকেন কেন জেনারেট করবেন?
	উত্তরঃ	আপনি যদি মোবাইল ব্যাংকিং (বিকাশ,নগদ,রকেট ও উপায়) এর পে বিলের মাধ্যমে ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে চান তাহলে আপনাকে টোকেন জেনারেট করে নিতে হবে।
২৩	প্রশ্নঃ	টোকেন জেনারেট করার পর টোকেন নাম্বারটি কোথায় পাওয়া যাবে?
	উত্তরঃ	টোকেন জেনারেট করার সাথে সাথে আপনার নিবন্ধিত মোবাইল নাম্বারে এসএমএসের মাধ্যমে টোকেন নাম্বারটি পাওয়া যাবে।
২৪	প্রশ্নঃ	কিভাবে টোকেন ব্যবহার করবেন?
	উত্তরঃ	মোবাইল নাম্বারে প্রেরিত টোকেন নাম্বারটি পাওয়ার পর ৭২ ঘন্টার মধ্যে যেকোন বিল পে অ্যাপ থেকে পে বিল অপশনে গিয়ে (land development (LD) Tax অপশনে গিয়ে টোকেন নাম্বার দিয়ে ভূমি উন্নয়ন কর প্রদান করতে পারেন।
২৫	প্রশ্নঃ	একজন ভূমি অফিসার কিভাবে ভূমি উন্নয়ন কর দিতে নাগরিকদের সহযোগিতা করেন?
	উত্তরঃ	ভূমি অফিসার তার ইউজার এ প্রবেশ করে নাগরিক এর খতিয়ান অনুমোদন করে দিলে একজন নাগরিক ভূমি উন্নয়ন কর দিতে সক্ষম হবেন।
২৬	প্রশ্নঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিং এ অর্ধ শতক/পৌনে শতক কিভাবে লিখবো?
	উত্তরঃ	০.৫ অর্ধশতক আর ০.৭৫ পৌনে শতক।
২৭	প্রশ্নঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস এ জমির পরিমাণ কি একরে হবে নাকি শতকে হবে?
	উত্তরঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস এ জমির পরিমাণ শতকে হবে। যদি জমির পরিমাণ একরে থাকে তাহলে সেটাকে শতকে রূপান্তর করে নিতে হবে।
২৮	প্রশ্নঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস এ বাট্টা দাগ কিভাবে দিতে হয়?
	উত্তরঃ	প্রথমে যেকোনো একটি নাম্বার দিয়ে ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংসে প্রবেশ করতে হবে। এরপর দাগ নাম্বারটি এডিট করে বাট্টা দাগ নাম্বার বসাতে হবে।

২৯	প্রশ্নঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস কি প্রতি বছরই করতে হবে?
	উত্তরঃ	না, প্রতি বছর করতে হবে না। শুধু একবারই ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস ঠিক করবেন এবং পরবর্তীতে আর কখনোই তা ঠিক করা লাগবে না।
৩০	প্রশ্নঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস এ প্রজ্ঞাপন ও দাগে জমির পরিমাণ ভুল দিয়েছি, তা সংশোধন বা ডিলেট করার অপশন আছে কি?
	উত্তরঃ	ধাপ/অঞ্চল এবং দাগ সেটিংস তালিকাতে সংশোধন বা ডিলেট অপশন পেয়ে যাবেন।
৩১	প্রশ্নঃ	দাগের পরিমাণ বেশি হওয়ায় এন্ট্রি করতে সমস্যা হলে করণীয় কি?
	উত্তরঃ	দাগ সেটিং করার সময় দাগের সংখ্যা বেশি হলে ইন্টারনেট কানেকশন ভালো রেখে সব দাগ একসাথে না এন্ট্রি দিয়ে অল্প অল্প করে দাগ নিয়ে এন্ট্রি করতে হবে।
৩২	প্রশ্নঃ	একই দাগে দুই প্রজ্ঞাপন জারিকৃত ভূমি উন্নয়ন করের হার নির্ধারণ করা যাবে কি না?
	উত্তরঃ	না, একই দাগে একাধিক প্রজ্ঞাপনের হার ব্যবহার করা যায় না।
৩৩	প্রশ্নঃ	এস.এ জরিপ এবং দিয়ারা জরিপের স্থলে আর.এস চলে আসছে হোল্ডিং এন্ট্রি করবো কিভাবে?
	উত্তরঃ	আলাদা আলাদা জরিপ ভিত্তিক সিস্টেমে হোল্ডিং এন্ট্রি করা যাবে।
৩৪	প্রশ্নঃ	পৌরএলাকা ঘোষিত হয় নাই এমন এলাকা আবাসিক, শিল্প এবং বাণিজ্যিক ভাবে ব্যবহৃত হলে বার্ষিক ভূমি উন্নয়ন করের হার কত?
	উত্তরঃ	প্রতি শতাংশ ১০/- (দশ), ৩০/- (ত্রিশ) এবং ৪০/- (চল্লিশ) টাকা।
৩৫	প্রশ্নঃ	কোন জমির ব্যবহারের প্রকৃতি/ধরণ পরিবর্তন হইলে করণীয় কি?
	উত্তরঃ	সরজমিনে সার্ভেয়ার দ্বারা যাচাই সাপেক্ষে জমির ব্যবহার ভিত্তিক শ্রেণী নির্ধারণ করতে হবে।
৩৬	প্রশ্নঃ	ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, গাজীপুর ও সিলেট সিটিকর্পোরেশন ভুক্ত এলাকা আবাসিক, শিল্প এবং বাণিজ্যিক কাজে ব্যবহৃত হলে বার্ষিক ভূমি উন্নয়ন করের হার কত?
	উত্তরঃ	প্রতি শতাংশ ৬০/- (ষাট), ১৫০/- (একশত পঞ্চাশ) এবং ৩০০/- (তিনশত), টাকা।
৩৭	প্রশ্নঃ	ভূমি উন্নয়ন কর আদায় যোগ্য কোন জমাবন্দিতে জমির পরিমাণে শতকের ভগ্নাংশ থাকিলে করণীয় কি?
	উত্তরঃ	পূর্ণ শতক ধরিয়া ভূমি উন্নয়ন কর হিসাব করিতে হবে।
৩৮	প্রশ্নঃ	মসজিদ, ঈদগাহ, মন্দির, গীর্জা, প্যাগোডা, কবরস্থান, শ্মশানঘাট এর ভূমি উন্নয়ন কর কি হিসাবে গ্রহণ করা হয়?
	উত্তরঃ	ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর মওকুফ হিসেবে গণনা হবে।

৩৯	প্রশ্নঃ	কৃষি-২ এর আওতাভুক্ত ভূমি কোন গুলো?
	উত্তরঃ	চা-বাগান, কফি, রাবার, ফুল বা ফলের বাগান এবং বাণিজ্যিক মৎস্য চাষ, চিংড়ি চাষ, হাস মুরগি ও গবাদি পশুর খামার ইত্যাদি বিশেষ কাজে ভূমি ব্যবহার করিলে।
৪০	প্রশ্নঃ	অনলাইনে ভূমি উন্নয়ন কর পেমেন্ট হলে কি ম্যানুয়ালি রেজিঃ ৪, রেজিঃ ৫ আপডেট করতে হবে?
	উত্তরঃ	না, রেজিঃ ৪, রেজিঃ ৫ আপডেট করতে হবে না।
৪১	প্রশ্নঃ	সংস্থার প্যানেল থেকে ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য নাগরিক নিবন্ধন করতে হবে কি?
	উত্তরঃ	না, সংস্থার নিবন্ধন সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস থেকে নিবন্ধন করে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।
৪২	প্রশ্নঃ	সংস্থার প্রতিনিধি কি পারবে সংস্থার পাসওয়ার্ড পরিবর্তন করতে?
	উত্তরঃ	না, সংস্থার পাসওয়ার্ড পরিবর্তন করতে চাইলে নিকটস্থ ভূমি অফিস থেকে পরিবর্তন করে নিতে হবে।
৪৩	প্রশ্নঃ	সংস্থার ক্ষেত্রে ভূমি উন্নয়ন কর মাসভিত্তিক আদায় করা যাবে কিনা?
	উত্তরঃ	সংস্থার ক্ষেত্রে ভূমি উন্নয়ন কর মাসভিত্তিক আদায় করা যাবে না তবে বছরভিত্তিক আংশিকভাবে আদায় করা যাবে।
৪৪	প্রশ্নঃ	সংস্থার ভূমি উন্নয়ন করের দাবী আংশিক আদায় করা যায় কি?
	উত্তরঃ	হ্যাঁ, সংস্থার ভূমি উন্নয়ন করের দাবী আংশিক আদায় করা যায়।
৪৫	প্রশ্নঃ	হোল্ডিং এ সর্বশেষ কর পরিশোধের সাল ও ব্যবহার ভিত্তিক তথ্যে শুরুর সাল কি একই হবে?
	উত্তরঃ	না, হোল্ডিং এ সর্বশেষ কর পরিশোধের সাল ও ব্যবহার ভিত্তিক তথ্যে শুরুর সাল একই হবে না। উদাহরণ স্বরূপ সর্বশেষ কর পরিশোধের সাল যদি হয় ১৪০১ তাহলে ব্যবহার ভিত্তিক তথ্যে শুরুর সাল হবে ১৪০২।
৪৬	প্রশ্নঃ	সর্বশেষ কর পরিশোধের সাল যদি ১৪২৮ হয় তাহলে ব্যবহার ভিত্তিক তথ্যে শুরু এবং শেষ সাল কত হবে?
	উত্তরঃ	সর্বশেষ কর পরিশোধের সাল যদি ১৪২৮ হয় তাহলে ব্যবহার ভিত্তিক তথ্যে শুরুর সাল হবে পরবর্তি বছর এবং শেষ সাল হবে বর্তমান বছর।
৪৭	প্রশ্নঃ	দাখিলা একবার তৈরী হয়ে যাওয়ার পর দাখিলাতে কি সংশোধন করা যাবে?
	উত্তরঃ	দাখিলা তৈরী হওয়ার পর হওয়ার পর ঐ দাখিলা আর সংশোধন করা যাবেনা।
৪৮	প্রশ্নঃ	দাখিলা তৈরী হয়ে গেলে কি বাতিল করা সম্ভব?
	উত্তরঃ	দাখিলা তৈরী হয়ে গেলে ঐ দাখিলা আর বাতিল করা সম্ভব নয়।

৪৯	প্রশ্নঃ	উপজেলা পরিষদের ২% টাকা কিভাবে এন্ট্রি করতে হবে?
	উত্তরঃ	২% পেমেন্ট স্বয়ংক্রিয়ভাবে উপজেলা পরিষদের আকাউন্টে জমা হবে।
৫০	প্রশ্নঃ	সিস্টেমে কিছু হোল্ডিং এ মওকুফ দাখিলা ১০ টাকা না এসে বেশি (১২ টাকা বা ১৩ টাকা) আসে, এতে করণীয় নি?
	উত্তরঃ	একাধিক মালিকের ক্ষেত্রে সবার অংশ সমান না হওয়ায় মওকুফ দাখিলায় কিছু টাকা বেশি আসে।
৫১	প্রশ্নঃ	অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় হলে তা কিভাবে সংশ্লিষ্ট ভূমি অফিসে অন্তর্ভুক্ত হবে?
	উত্তরঃ	অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায় হলে স্বয়ংক্রিয়ভাবে এ-চালানের মাধ্যমে সংশ্লিষ্ট ভূমি অফিসে আইবাস কোডে তালিকাভুক্ত হবে।
৫২	প্রশ্নঃ	একই সংস্থার মৌজা যদি দুই বা ততোধিক ইউনিয়নে অবস্থান করে তাহলে সংস্থার নিবন্ধন কিভাবে করবে?
	উত্তরঃ	একই সংস্থা যদি একই উপজেলার দুই বা ততোধিক ইউনিয়নে অবস্থান করে সেক্ষেত্রে উপজেলা ভূমি অফিস থেকে সংস্থাটি নিবন্ধন করতে হবে।



সাধারণ জিজ্ঞাসাবলী



সমাপ্ত